# জেলা পরিষদ,ঢাকা

www.zpdhaka.org

(অস্থায়ীকার্যালয়: সেক্টরনং ৬, আজমপুর, উত্তরামডেলটাউন, ঢাকা-১২৩০।)

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- জে,প,ঢা-প্রঃউঃ২৯/শিক্ষা-৪/২০১৬-১৭/ ৫৩১ তারিখঃ ০৭-০৮-২০২৩খ্রিঃ।

## "শিক্ষাবৃত্তি প্রদানের পুনঃ বিজ্ঞপ্তি"

২০২২-২৩ অর্থ বছরের ঢাকা জেলা পরিষদের রাজস্ব বাজেটের আওতায় ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা, গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলী

১. আবেদনকারীকে ২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৫.০০ পেয়ে এবং অন্যান্য বিভাগে জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। মুক্তিযোদ্ধা কোটা, প্রতিবন্ধী ও অতি দরিদ্র প্রার্থীগণের ক্ষেত্রে সকল বিভাগে সর্বনিম্ন জিপিএ ৪.০০ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।নির্ধারিত জিপিএ এর কম জিপিএ প্রাপ্তগণ আবেদন করলে তা সরাসরি বাতিল বলে গন্য হবে। সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত ছাত্র/ছাত্রী ব্যতিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

২. আবেদনকারীকে বৃত্তির জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৩. আবেদনকারী কর্তৃক বৃত্তির আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী ২২/০৮/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে জেলা পরিষদ কার্যালয়, ঢাকায় অথবা নিজ নিজ উপজেলার নির্বাহী অফিসারের কার্যালয়ে ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর বাসিন্দাদের জেলা শিক্ষা অফিসার, শিক্ষা কমপ্লেক্স ভবন, মিরপুর-১,(সরকারি বাংলা কলেজ সংলগ্ন) ঢাকার কার্যালয়ে আবেদন জমা দিতে হবে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ এবং জেলা শিক্ষা অফিসার, ঢাকা প্রাপ্ত আবেদনসমূহের তালিকা প্রস্তুত করে ঢাকা জেলা পরিষদে প্রেরণের ব্যবস্থা করবেন।

৪. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে।

ক) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

খ) এসএসসি/সমমান পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

গ) ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জন্ম সনদ পত্র দাখিল করতে হবে।

ঘ) পরিবারের বাৎসরিক আয়ের পরিমান উল্লেখ করে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে প্রমাণক স্বরূপ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত আবেদনকারীর পিতা/মাতা/দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযোদ্ধা বিষয়ক সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে এবং আবেদনকারী যে পোষ্যতা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত থাকতে হবে।

চ) প্রতিবন্ধী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৫. জেলা পরিষদ, ঢাকার কার্যালয়ের নোটিশ বোর্ড/জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ঢাকা জেলা শিক্ষা অফিসার এর কার্যালয়ের নোটিশ বোর্ডে আবেদন ফরমের নমুনা দেখা যাবে। জেলা পরিষদ, ঢাকার ওয়েবসাইট - www.zpdhaka.gov.bd থেকে আবেদন ফরমের নমুনা ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে আবেদন ফরম প্রস্তুত করা যাবে। A4 সাইজের কাগজে ফটোকপি করা আবেদন ফরম ও গ্রহণ যোগ্য হবে।

৬. নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/সরাসরি (অফিস চলাকালীন) বৃত্তির আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কার্যালয়ে দাখিল করা যাবে।

৭. আবেদনকারী বর্তমানে অধ্যয়নরত না হলে বৃত্তি প্রাপ্তির জন্য বিবেচিত হবে না। ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

৮. প্রয়োজনে বিস্তারিত তথ্যাদি জেলা পরিষদ, ঢাকা কার্যালয় এবং এর ওয়েবসাইট- www.zpdhaka.gov.bd থেকে জানা যাবে।

৯. কর্তৃপক্ষ যে কোনশর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

CamScanner

১০. নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই বাছাইয়ের পরে যোগ্য প্রার্থীদের তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রদর্শন করা হবে এবং উক্ত তালিকায় বৃত্তি প্রদানের সময় ও স্থান জানানো হবে।

মেহেদী হাসান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঢাকা।
ফোনঃ ০২-৫৮৯৫৪৫৩২ (অফিস)
ই-মেইল: zpdhaka@gmail.com

স্মারক নং- জে,প,ঢা-প্রঃউঃ২৯/শিক্ষা-৪/২০১৬-১৭/৫০৯

তারিখঃ ০৭-০৮-২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে ঃ-

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. চেয়ারম্যান, জেলা পরিষদ, ঢাকা।
৪. জেলা প্রশাসক, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.............................................................(সকল)।
৬. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সকল) ঢাকা। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন এবং প্রাপ্ত আবেদনপত্র সমূহ আগামী.....................খ্রিঃ তারিখের মধ্যে জেলা পরিষদ, ঢাকা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হলো।
৭. মেয়র, .............................. (সকল), পৌরসভা, ঢাকা।
৮. জেলা শিক্ষা অফিসার, ঢাকা। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন এবং প্রাপ্ত আবেদনপত্র সমূহ আগামী.....................খ্রিঃ তারিখের মধ্যে জেলা পরিষদ, ঢাকা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হলো।
৯. সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক [illegible], ঢাকা। বর্ণিত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী......................খ্রিঃ তারিখ ১০ ফন্টে ৩ কলাম আকারে ভিতরের পাতায় প্রকাশ করে ২ কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।
১০. অফিস নথি/নোটিশ বোর্ড/ফেইসবুক।

মেহেদী হাসান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঢাকা।

# জেলা পরিষদ, ঢাকা

www.zpdhaka.gov.bd

## শিক্ষাবৃত্তির আবেদন ফরম

পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত ছবি

০১. আবেদনকারীর নাম : ..........................................

০২. পিতার নাম : ..........................................

০৩. মাতার নাম : ..........................................

০৪. স্থায়ী ঠিকানা : গ্রাম/এলাকা/রোড: .................... ডাকঘর: ....................
উপজেলা/ওয়ার্ড: .................... , জেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা: ....................

০৫. বর্তমান ঠিকানা : গ্রাম/এলাকা/রোড: .................... ডাকঘর: ....................
উপজেলা/ওয়ার্ড: .................... , জেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা: ....................
ফোন/মোবাইল নম্বর (যদি থাকে): ....................

০৬. বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও শিক্ষা বিবরণী : প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ
শ্রেণী ঃ .................... বিভাগ ঃ ....................
ক্রমিক নং ঃ .................... শিক্ষাবর্ষ ঃ ....................

০৭. পরীক্ষার ফলাফল :

| পরীক্ষার নাম (এসএসসি/সমমান) | পরীক্ষার বছর | প্রাপ্ত জিপিএ (৪র্থ বিষয়সহ) | প্রাপ্ত জিপিএ (৪র্থ বিষয় ছাড়া) |
|---|---|---|---|
| | ২০২২ | | |

০৮. পরিবারের বাৎসরিক আয়ের পরিমাণ : অংকে: .................... , কথায়: ....................

০৯. সংযুক্ত কাগজপত্রের বিবরণ (বিজ্ঞপ্তির ৪নং অনুচ্ছেদ দ্রষ্টব্য) :

| নং | কাগজপত্রের বিবরণ | সংযুক্ত করার তথ্য (সংযুক্ত করা হলে 'হ্যাঁ'/ না করা হলে 'না' লিখতে হবে) |
|---|---|---|
| ১. | ০২ (দুই) কপি ছবি। | |
| ২. | নম্বরপত্রের সত্যায়িত কপি। | |
| ৩. | জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি। | |
| ৪. | বাৎসরিক আয় সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি। | |
| ৫. | মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ৬. | মুক্তিযোদ্ধার পোষ্য এ সংক্রান্ত প্রত্যয়ন পত্র। (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ৭. | প্রতিবন্ধী সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (প্রযোজ্য ক্ষেত্রে) | |

১০. ঘোষণা ও আবেদন : উল্লিখিত তথ্যাদি সঠিক ঘোষণা করে বৃত্তির জন্য আবেদন জানাচ্ছি।

(আবেদনকারীর স্বাক্ষর)

তারিখ: ....................

১১. বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ :

(শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর, তারিখ ও সিল)

CS CamScanner